

	সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি বরিশাল শাখা, বরিশাল। অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক
	বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, বরিশাল শাখা, বরিশাল এর বিনিয়োগ গ্রহীতা মেসার্স হাওলাদার টেলিকম, মালিকঃ মোঃ আরিফুল ইসলাম, পিতাঃ মৃত মোঃ আফজাল হোসাইন, মাতাঃ মিসেস নাসিমা বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ হাওলাদার গ্লাজা, গুঠিয়া, উজিরপুর, বরিশাল। বর্তমান এবং স্থায়ী ঠিকানাঃ হাওলাদার বাড়ি, গুঠিয়া, উজিরপুর, বরিশাল এবং তার পক্ষে বিনিয়োগের জামিনদার ও ওয়ারিশগণ, তাদের নিকট হইতে বিনিয়োগ হিসাবে ২৫/০৮/২০২৬ ইং পর্যন্ত মুনাফা ও অনান্য খরচসহ ব্যাংকের পাওনা মোট= ৪৯,৫৩,১১২.৩০ (উনপঞ্চাশ লক্ষ তেপ্পান্ন হাজার একশত বারো পয়েন্ট তিন শূন্য) টাকা এবং আদায়কাল পর্যন্ত মুনাফা ও অনান্য খরচ অদায়ের নিমিষ্টে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আম-মোক্তার নামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিলভুক্ত স্থাবর সম্পত্তি উহার উপর স্থাপিত পাকা সেমি পাকা বাসা ও অন্যান্য স্থাপনা নিলামে বিক্রয়ের জন্য শর্তসাপেক্ষে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। উল্লেখ্য যে, বিনিয়োগ গ্রহীতার পিতা বন্ধকদাতা মোঃ আফজাল হোসাইন মৃত্যুবরণ করায় তাদের ওয়ারিশ যথাক্রমে ১। মোসাঃ নাছিমা বেগম, স্বামী-মৃত মোঃ আফজাল হোসাইন, ২। মোঃ আরিফুল ইসলাম, ৩। মোঃ আমিনুল ইসলাম, ৪। মোসাঃ শারমিন খানম, ৫। শামীমা খানম, ৬। মোসাঃ সাদিয়া ইকফাত সর্ব পিতা- মৃত মোঃ আফজাল হোসাইন সকলের ঠিকানা হাওলাদার বাড়ি, গুঠিয়া, উজিরপুর, বরিশাল গণ মুসলিম উত্তরাধিকারী আইনানুযায়ী তাদের মৌরশ মৃত মোঃ আফজাল হোসাইন “প্রোপ্রাইটর-মেসার্স হাওলাদার টেলিকম” এর রেখে যাওয়া গৃহীত বিনিয়োগের টাকা পরিশোধে বাধ্য হওয়ায় আইনের কূটতর্ক নিবারণার্থে অত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হইলো।
	শর্তাবলী ১) আগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া আগ্রহী দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া আগামী ০১/১১/২০২৬ ইং তারিখ অপরাহ্ন ৩:০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, বরিশাল শাখার, ঠিকানা # ০১ নং কাঠপট্টি রোড, বরিশাল, বরিশাল এ রক্ষিত নির্ধারিত দরপত্র বাস্ত্বে ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং এদিনই অপরাহ্ন ৩:৩০ ঘটিকার সময় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্ত্ব খোলা হইবে। ২) প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, বরিশাল শাখা, বরিশাল এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। ৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন। ৪) উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ -৩ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে। ৫) দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও অন্যান্য গুরু খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে। ৬) এক বা একাধিক তফসিলের বিপরীতে দরপত্র দাখিল করা যাইবে। ৭) কম জামানত সমেত/ জামানতবিহীন/ ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। ৮) অসফল দরদাতার জামানত ফেরত দেওয়া হইবে। ৯) তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবে না। ১০) পাওনাকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধ্য থাকিবে না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরাপর এতদ্বারা সংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে। ১১) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
	তফসিল জেলা-বরিশাল, থানা-উজিরপুর, জে.এল-১০৭, মৌজা-গুঠিয়া, খতিয়ান নং- এস.এ-৫২, ৭৩, মিউটেশন নং- ৫২/১, ৭৩/১, নং-খতিয়ানে এস, এ-৭৩০, ৭৭৬, ৮০৩, নং দাগে-১৫.১২৫ (পনের দশমিক এক দুই পাঁচ) শতাংশ ভূমি এবং তদুপরিস্থিত অবকাঠামো (যাহা আছে এবং ভবিষ্যতে যাহা নির্মিত হইবে উহাই অত্র বন্ধকী দলিলের স্বত্ব বটে। চৌহদ্দী- উত্তরে: ১২ ফুট প্রশস্ত রাস্তা, দক্ষিণে: মোঃ সিরাজুল ইসলামের ২ তলা দালান, পূর্ব: বন্ধক দাতার নিজস্ব টিনশেড মিল এবং পশ্চিমে: ১২ ফুট প্রশস্ত রাস্তা।
	মোহাম্মদ শামসুল কবীর এসভিপি ও শাখা ব্যবস্থাপক মোবাইল # ০১৭১৩-১৩৯০৭৩ সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি বরিশাল শাখা, বরিশাল।

Mr1-Ten